

দেবদাস

আমরা ফিরে এলাম,
এক মানুষ প্রেমিকা খুঁজছে
সারাদিন শুধু মদ্যপান, শুধু মদ ... এত মদ
ভিতরে শরীরে, তুমুল উত্তেজিত, বিপুল
ভাঙনে চুরমার--

মানুষটি রেলের চাকায় নিজেকে জড়াতে গিয়েছিল।

আমরা বোঝালাম,
দুটি সাবালক ছেলের পিতা
নিজের স্ত্রীর মদ্যে কোন প্রেম খুঁজে পাচ্ছে না
আমরা মানুষটিকে বোঝালাম,
এরকম হয় ... সংসার মেনে নিতে হয়

মানুষটি বুঝল না,
চোখে কান্না,
ঠোঁটে মদের বোতল ধরে
সে এক প্রেমিকা খুঁজছে
যে শুধু ভালবাসতে জানে।

গণেশ ভট্টাচার্য্য

